

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১০, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ পৌষ ১৪২৭/০৭ জানুয়ারি ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০(অংশ-২)-৩৪।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন  
বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ০৭ জানুয়ারি ২০২১ তারিখে  
জারীকৃত স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০(অংশ-২)-৩৩ মূলে স্থগিতকৃত ময়মনসিংহ  
জেলার ত্রিশাল পৌরসভার মেয়র পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করতেছেন :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৭ জানুয়ারি ২০২১ ০৩ মাঘ ১৪২৭	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৯ জানুয়ারি ২০২১ ০৫ মাঘ ১৪২৭	মঙ্গলবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৬ জানুয়ারি ২০২১ ১২ মাঘ ১৪২৭	মঙ্গলবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৪ ফেব্রুয়ারি ২০২১ ০১ ফাল্গুন ১৪২৭	রবিবার
ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত				

০২। উল্লিখিত ত্রিশাল পৌরসভার স্থগিত সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের  
কাউন্সিলর পদেও ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন  
সিদ্ধান্ত প্রদান করেছেন। স্থগিত নির্বাচন সম্পন্ন হওয়ার লক্ষ্যে মেয়র পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ

( ৩১৫ )  
মূল্য : ৪ টাকা ৪.০০

প্রদানের প্রয়োজন হবে। তবে ইতঃপূর্বে মেয়র পদে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাদের নতুন করে আর মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না। সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকবে না। ফলে সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে যে পর্যায় থেকে নির্বাচন স্থগিত করা হয়েছে, সে পর্যায় থেকে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্বাচন অনুষ্ঠান প্রয়োজন হবে। উক্ত নির্বাচনটি ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

০৩। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৭ তারিখ : ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বহাল থাকবেন। এছাড়া স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৮ তারিখ : ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।